



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours Part-II Examination, 2020

বাংলা

তৃতীয় পত্র

সময়: ২ ঘণ্টা

পূর্ণমান: ৫০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।  
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

১ নম্বর প্রশ্নের উত্তর লেখা আবশ্যিক; এবং ২ নম্বর থেকে ৪ নম্বর প্রশ্নের মধ্যে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও

১।(ক) উদাহরণ সহযোগে কলাবৃত্ত ছন্দের প্রকৃতি এবং বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

১০

অথবা

নিম্নলিখিত যে-কোনো দুটি অংশের ছন্দোলিপি প্রণয়ন করো:

৫×২ = ১০

(অ) মরিতে চাহি না আমি সুন্দর ভুবনে,  
মানবের মাঝে আমি বাঁচিবারে চাই,  
এই সূর্যকরে এই পুষ্পিত কাননে,  
জীবন্ত হৃদয় মাঝে যদি স্থান পাই।

(আ) বিদেশকে আজ ডাকো রৌদ্রের ভোজে  
মুঠো মুঠো দাও কোষাগার ভরা সোনা,  
প্রান্তর-বন ঝলমল করে রোদে  
কি মধুর আহা রৌদ্রে প্রহর গোনা।

(ই) কেশে আমার পাক ধরেছে বটে  
তাহার পানে নজর এত কেন ?  
পাড়ায় যত ছেলে এবং বুড়ো  
সবার আমি এক বয়সী জেনো।

(ঈ) যুদ্ধের দামামা উঠল বেজে  
ওদের ঘাড় হলো বাঁকা চোখ হল রাঙা,  
কিড়মিড় করতে লাগল দাঁত।  
মানুষের কাঁচা মাংসে যমের ভোজ ভরতি করতে  
বেরোল দলে দলে।

(খ) অনুপ্রাস অলংকার কাকে বলে ? উদাহরণসহ অনুপ্রাস অলংকারের বিভাগগুলি আলোচনা করো।

২+৮ = ১০

অথবা

নিম্নলিখিত যে-কোনো দুটি উদ্ধৃতির অলংকার নির্ণয় করোঃ

- (অ) আনিয়াছে তোর স্বামী বাঁধি নিজ গুণে।  
(আ) হেরিয়া শ্যামল ঘন নীল গগনে,  
সজল কাজল আঁখি পড়িল মনে।  
(ই) হে সহবাসে  
হে পিতৃব্য, বর্বরতা কেন না শিখিবে ?  
গতি যার নীচ সহ নীচ সে দুর্মতি।  
(ঈ) পড়ুক দু-ফোঁটা অশ্রু জগতের' পরে  
যেন দুটি বান্ধীকির শ্লোক।

২।(ক) বৈষ্ণব-পদাবলীতে পঞ্চরস কী ? পঞ্চরসের মধ্যে কোনটি শ্রেষ্ঠ উদাহরণ সহযোগে বুঝিয়ে লেখো।

৫+১০=১৫

অথবা

- (খ) 'সুন্দরি কেছে করবি অভিসার।  
হরিরহ মানস সুরধুনী পার॥''

৫+১০=১৫

— পদকর্তার নাম উল্লেখ করে পর্যায়টির পরিচয় দাও। এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির প্রতিভার মূল্যায়ন করো।

৩।(ক) অষ্টাদশ শতাব্দীতে শাক্ত-পদাবলীর উদ্ভবের পেছনে রাষ্ট্রনৈতিক ও আর্থ-সামাজিক পটভূমিটি 'ভক্তের আকৃতি' পর্যায় অবলম্বনে উদাহরণসহ আলোচনা করো।

১৫

অথবা

- (খ) শাক্ত পদকর্তা হিসেবে কমলাকান্ত ভট্টাচার্যের কবি-কৃতিত্ব আলোচনা করো।

১৫

৪।(ক) মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্য অবলম্বনে কালকেতু চরিত্রটি বিশ্লেষণ করো।

১৫

অথবা

- (খ) 'মধ্যযুগীয় দেবদেবী-নির্ভরতা ও পূর্বনির্ধারিত আখ্যান কাঠামো অনুসরণ সত্ত্বেও কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তী প্রায় আধুনিক ঔপন্যাসিকের মৌলিক প্রতিভার স্বাক্ষর রেখেছেন তাঁর কাব্যে।' — আলোচনা করো।

১৫

**N.B. :** Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.

—x—